গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
Web site : https://lddp.portal.gov.bd

স্মারক নং-৩৩.০১.০০০০.৮২৮.০৭.০০১.২০. ৪৮৯ তারিখঃ ০৯/০২/২০২৩ খ্রি.

**বিষয়ঃ- প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প'র আওতায় 'প্রাণিসম্পদ প্রদর্শনী -২০২৩' উদযাপন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প'র (এলডিডিপি) আওতায় একযোগে ৬১ টি জেলার ৪৬৬ টি উপজেলায় ০১ (এক) দিনব্যাপী প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২৩ খ্রিঃ আগামী ২৫ ফ্রেবুয়ারী, ২০২৩ খ্রি. তারিখে দেশব্যাপী প্রাণিসম্পদ সেবা সপ্তাহ-২০২৩ এর প্রথম দিনে অনুষ্ঠিত হবে। উল্লিখিত অনুষ্ঠান আয়োজনের ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় বাজেট বরাদ্দ (বিভাজনসহ) পূর্বের ন্যায় সংশ্লিষ্ট উপজেলা বরাবরে অতিসত্তর প্রেরণ করা হবে।

এমতাবস্থায় উল্লিখিত 'প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২৩ খ্রি'. যথাসময়ে সুষ্ঠু ও সুচারু রুপে বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

সংযুক্তিঃ "উপজেলা পর্যায়ে প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২৩" বাস্তবায়ন গাইডলাইন-০৪ (চার পাতা)।

০৯/০২/২০২৩
(মো. আব্দুর রহিম)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ফোন-০২-৫৮১৫৪৯১৩
ই-মেইল-

**প্রাপক**

১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল) (৩ টি পার্বত্য জেলাধীন উপজেলাসমূহ ব্যতীত) ---------------------------------

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হ'ল ঃ**

১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল) (৩টি পার্বত্য জেলা ব্যতীত) ------------------------------------------------------
২। পরিচালক, বিভাগীয় প্রানিসম্পদ দপ্তর (সকল)------------------------------------------------------------------
৩। পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৫। অফিস কপি।

০৯/০২/২০২৩
(মো. আব্দুর রহিম)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ফোন-০২-৫৮১৫৪৯১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.৭০০.১৪.০১৫.১৮.৬৩ তারিখ: ১২ মাঘ ১৪২৯
২৬ জানুয়ারি ২০২৩

বিষয়: **প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর আওতায় কেন্দ্রীয় ও উপজেলা পর্যায়ে "প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২৩" উদযাপনের গাইডলাইন অনুমোদন**

সূত্র: প্রকল্প পরিচালক, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প এর ১৭/০১/২০২৩ তারিখের ৩৩.০১.০০০০.৮২৮.০৭.০০১.২০.১৭৬

উল্লিখিত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর আওতায় কেন্দ্রীয় ও উপজেলা (প্রকল্পভুক্ত ৬১ টি জেলার ৪৬৬ টি উপজেলায়) পর্যায়ে"প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২৩" উদযাপনের গাইডলাইনটি অনুমোদন করা হলো।

২৬-১-২০২৩
ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

প্রকল্প পরিচালক
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প

**"প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)" এর আওতায় "উপজেলা পর্যায়ে প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২৩" বাস্তবায়ন সংক্রান্ত গাইড লাইন** ঃ

**প্রদর্শনীর লক্ষ্য :** প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের সামগ্রিক লক্ষ্য হলো প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধি, দুগ্ধজাত পণ্যের বাজার সৃষ্টি, ক্ষুদ্র খামারী ও উদ্দোক্তাদের প্রতিকূল পরিবেশ মোকাবেলার সক্ষমতা সৃষ্টি, জনসাধারণকে উন্নত জাতের পশু ও হাঁসমুরগী প্রদর্শন করা, বিজ্ঞান ভিত্তিক লালন-পালন কৌশল অবহিত করা, উন্নত জাতের পশু-পাখি পালনের আধুনিক ব্যবস্থাপনা বিষয়ে পরামর্শ প্রদান করা এবং সর্বোপরি, জনসাধারণের জন্য নিরাপদ প্রাণীজ আমিষ সরবরাহ নিশ্চিত করা।

**প্রদর্শনীর উদ্দেশ্যঃ** প্রাণিস্পদের উৎপাদন বৃদ্ধির লক্ষ্য সামনে রেখে সারাদেশের প্রান্তিক খামারীগণকে নগদ প্রণোদনাসহ বিভিন্ন ধরনের উপকরণ ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করা হচ্ছে। উক্ত কার্যক্রম প্রচার-প্রচারণা ও জনগণকে উদ্বুদ্ধকরণের জন্য প্রাণিসম্পদ প্রদর্শনীর আয়োজন উপযুক্ত মাধ্যম। প্রাণিসম্পদ অধিদপ্তরের চলমান কার্যক্রমের অন্যতম অঙ্গ হলো গবাদিপশুসহ অন্যান্য গৃহপালিত প্রাণীর জাত উন্নয়নের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি করা। ইতোমধ্যে দেশে উল্লেখযোগ্য সংখ্যক অধিক উৎপাদনশীল গবাদিপশুর সংকরজাত সৃষ্টি হয়েছে। জনসাধারনকে প্রত্যক্ষ ভাবে প্রদর্শনের মাধ্যমে অধিক উৎপাদনশীল উন্নত জাতের পশু-পাখি উৎপাদন এবং পালনের মাধ্যমে লাভবান হওয়ার জন্য উৎসাহিত করা।

**ক) তারিখ ও স্থান নির্বাচনঃ**

- "প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২৩" আগামী ফেব্রুয়ারী, ২০২৩ খ্রি. মাসে প্রাণিসম্পদ অধিদপ্তর নির্ধারিত তারিখে অনুষ্ঠিত হবে।
- প্রাণিসম্পদ প্রদর্শনী প্রকল্প বাস্তবায়নাধীন উপজেলা সমূহে একদিনের জন্য অনুষ্ঠিত হবে।
- প্রদর্শনীর জন্য উপজেলা সদর অথবা অন্য কোন উপযুক্ত স্থান নির্বাচন করতে হবে, যেখানে অধিক জনসাধারনের চলাচল এবং প্রদর্শনযোগ্য প্রাণি বা সামগ্রী আনা-নেয়ার সুবিধা বিদ্যমান রয়েছে। উপজেলা প্রাণিসম্পদ প্রদর্শন কমিটি প্রদর্শনীর জন্য উপযুক্ত স্থান নির্বাচন করবেন।

**খ) প্রদর্শনযোগ্য প্রাণি ও প্রযুক্তিঃ** প্রাণিসম্পদ উন্নয়নের সাথে সম্পর্কিত প্রদর্শণযোগ্য বিভিন্ন প্রাণি, টিকা ও ঔষধ সামগ্রী, প্রাণিজাত পণ্য উৎপাদন ও সংরক্ষণ পদ্ধতি, মোড়কসহ প্রাণিজাত পণ্য বাজারজাতকরণ প্রযুক্তিসমূহ, যা উৎপাদনকারী, পণ্য বাজারজাতকারী এবং ভোক্তাসাধারণকে উৎসাহিত করবে।

- প্রদর্শনীতে এলাকা ভিত্তিক উন্নত জাতের গাভী, বাছুর, ষাড়, মহিষ, ছাগল, ভেড়া, মুরগী, হাঁস এবং প্রাণিসম্পদের বিভিন্ন প্রযুক্তি প্রদর্শন করা যেতে পারে।
- প্রাণি ও প্রযুক্তির সংমিশ্রণে কম-বেশী ৫০ টি ষ্টলের সংস্থান রাখতে হবে।

- উল্লেখ্য বন্যপ্রাণি সংরক্ষণ আইন-২০১২ এর নির্দেশনা ও প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং ৩৩.০১.০০০০.১১২.৯৯.৩০৮.১৭.১০২ তারিখঃ ১৪/০২/২০২২ খ্রি. তারিখের নির্দেশনা মোতাবেক প্রদর্শনীতে দেশীয় বন্যপ্রাণি প্রদর্শন ও ক্রয়-বিক্রয় করা যাবে না।

**গ) প্রচার-প্রচারণা ও প্রাণি নির্বাচন:**

- "প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২৩" উপলক্ষ্যে ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা করতে হবে। স্থানীয় পত্রিকা, মাইক, পোস্টার, লিফলেট ইত্যাদির মাধ্যমে জনসাধারণকে অংশগ্রহনের জন্য উৎসাহিত করতে হবে।
- খামার মালিকগণের সাথে সরাসরি যোগাযোগের মাধ্যমে প্রদর্শনযোগ্য প্রাণী বাছাইপূর্বক প্রদর্শনীতে উপস্থিতি নিশ্চিত করতে হবে।

**ঘ) পুরস্কার প্রদান:**

- সমগ্র প্রদর্শনীর জন্য ০১ টি করে বিশেষ পুরস্কারের ব্যবস্থা করা যেতে পারে। অবশিষ্ট
- অংশগ্রহনকারীগনের জন্য সনদপত্র প্রদানের ব্যবস্থা রাখতে হবে। স্থানীয় পর্যায়ে প্রাণিসম্পদ
- প্রদর্শনী কমিটি পুরস্কারের জন্য বিজয়ী নির্বাচন করবেন।
- প্রত্যেক ক্যাটাগরীতে ১ম, ২য় ও ৩য় পুরস্কার হিসাবে নির্দিষ্ট পরিমাণ টাকা চেকের মাধ্যমে প্রদান করতে হবে।

**ঙ) প্রাণিসম্পদ প্রদর্শনী বাস্তবায়ন কমিটি গঠন:** বিগত ০৪/১০/২০২০ খ্রি. তারিখে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত পিআইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী "প্রাণিসম্পদ প্রদর্শনী" বাস্তবায়ন সংক্রান্ত স্থানীয় কমিটি নিম্নরুপভাবে গঠনের প্রস্তাব করা হয় ঃ

১. উপজেলা নির্বাহী অফিসার - সভাপতি

২. উপজেলা কৃষি অফিসার/মনোনীত প্রতিনিধি - সদস্য

৩. উপজেলা মৎস্য অফিসার - সদস্য

৪. উপজেলা যুব উন্নয়ন অফিসার - সদস্য

৫. অফিসার-ইন-চার্জ - সদস্য

৬. উপজেলা আনসার ও ভিডিপি অফিসার - সদস্য

৭. উপজেলা প্রাণিসম্পদ অফিসার- সদস্য সচিব

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

চ) প্রাণিসম্পদ প্রদর্শনীর জন্য উপজেলাওয়ারী অর্থ বিভাজন দেখানো হলো।

## Cost Estimation for "Livestock Exhibitions-2023"

| Sl. No. | Description of Items | Unit | Qty | Unit cost | Total cost (Taka in Lakh) |
|---|---|---|---|---|---|
| 1 | Banner | Nos | 2 | 1500 | 0.030 |
| 2 | Pandel, Stage, Chair, Triple, Fan, Sound System, Decoration and Stall for 50 cattle | LS | 1 | 69500 | 0.695 |
| 3 | Printing of Invitation Card | LS | 1 | 5,000 | 0.050 |
| 4 | Coordination Fee/ Program preparatory work cost for Chief guest, Special Guest and Chair Person | Nos | 3 | 3,000 | 0.090 |
| 5 | Snacks and lunch for Guest | Nos | 50 | 400 | 0.200 |
| 6 | Foods for others Person | Nos | 300 | 200 | 0.600 |
| 7 | Feed for Cattle | Nos | 50 | 200 | 0.100 |
| 8 | Vaccine & Medicine for cattle | Nos | 50 | 100 | 0.050 |
| 9 | Pots for Keeping Cattle feed and Water | Nos | 50 | 250 | 0.125 |
| 10 | Prizes for Exhibition of selected Participants | Nos | 3 | 10,000 | 0.300 |
| 11 | Truck hire for Transport for Shifting the Cattle | Nos | 2 | 10,000 | 0.200 |
| 12 | Public Announcing for Exhibition | LS | 1 | 5,000 | 0.050 |
| | **Total=** | | | | **2.490** |

যথাসময়ে প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প হতে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবরে অর্থ ছাড় করা হবে। খাত অনুযায়ী ব্যয় নির্বাহ করত: প্রতিবেদন প্রকল্প পরিচালক বরাবরে প্রেরণ করতে হবে।

**ছ) অতিথি নির্বাচন:** প্রাণিসম্পদ প্রদর্শনী কমিটি প্রদর্শনীর উদ্বোধন ও সমাপ্তি অনুষ্ঠানের ব্যবস্থা রাখবেন। উক্ত কমিটির প্রতি স্থানীয় জনপ্রতিনিধি হিসাবে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/জাতীয় সংসদ সদস্য/ উপজেলা চেয়ারম্যান'গণকে প্রাধান্য দিয়ে অনুষ্ঠানের প্রধান অতিথি ও বিশেষ অতিথি নির্বাচন করার পরামর্শ থাকবে।

**জ) "প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২৩" এর জন্য স্টলের পরিমাপ ও বিবরণ:** স্টলগুলো দৃষ্টিনন্দন করার জন্য সম্মুখ ভাগে কাপড়ের ঝালরসহ প্রতিটি স্টলের ক্রমিক নং থাকতে হবে। প্রাণির বিবরণ ও মালিকের তথ্য সম্বলিত সাইনবোর্ড টাংগানোর ব্যবস্থা রাখতে হবে। স্টলের আকার হবে : সম্মুখ- ৮ ফুট, সামনে পেছনে-১০ ফুট।

**ঝ) প্রদর্শনীতে নারী ও বিশেষভাবে সক্ষম খামারীদের অংশগ্রহন ও প্রয়োজনীয় ব্যবস্থাঃ** নারী ও বিশেষভাবে সক্ষম (specially able) খামারীদেরকে অংশগ্রহনের জন্য অগ্রাধিকারভিত্তিতে ষ্টল বরাদ্দ রাখতে হবে। তাদের খামারের পশু-পাখি, উৎপাদিত পণ্য প্রদর্শন করে প্রতিযোগিতায় অংশগ্রহনে উৎসাহিত করতে হবে, প্রয়োজনবোধে নারী খামারীদের সারাদিনব্যাপী ষ্টলে থাকা নিশ্চিত করার জন্য (যারা সামাজিক বাধার সম্মুখীন হবেন) পরিবারের পুরুষ সদস্যকেউ ষ্টলে উপস্থিত থাকার অনুমতি দিতে হবে। নারীদের জন্য আলাদা টয়লেট ও বিশেষ প্রয়োজনে মায়েদের (ছোট শিশুসহ মা) জন্য একটি আলাদা রুম এর ব্যবস্থা রাখতে হবে।

**ঞ) ফুড সেফটি কর্নার ঃ** প্রদর্শনীতে ফুড সেফটি কর্নার রাখার ব্যবস্থা করতে হবে। নিরাপদ খাদ্য প্রস্তুত ও করনীয় সম্পর্কে সচেতনতা মূলক ব্যানার, ফেস্টুন মেলায় প্রদর্শনের ব্যবস্থা রাখতে হবে যেমন- ব্যাক্তিগত পরিচ্ছন্নতা, নিরাপদ খাদ্য-সামগ্রী প্রস্তুত ও প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ/গুদাম জাতকরণ, পন্য পরবিহন, ও গ্রহক পর্যায়ের বিতরণ পর্যন্ত সার্বিক পরিচ্ছন্নতা ও বিশুদ্ধতা বজায়র রাখা প্রাণিজ উৎসের খাদ্য সামগ্রী প্রস্তুতি কল্পে ব্যবহৃত মেশিনা/যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদির প্রদর্শন করা এবং প্রাণিজ উৎসের (দুধ, মাংস, ডিম) নিরাপদ খাদ্য পণ্যের প্রদর্শনীর ব্যবস্থা করা যেতে পারে।

**ট) কোভিড-১৯ প্রতিরোধে নিরাপদ স্বাস্থ্য কর্ণারঃ** কোভিড-১৯ প্রতিরোধে সরকার ঘোষিত যাবতীয় বিধিনিষেধ যথাযথ অনুসরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করাতে হবে। প্রদর্শনীর পরিধি অনুযায়ী অন্ততপক্ষে দু'থেকে তিনটি স্থানে হাত ধোয়ার জন্য সাবান পানির সুব্যবস্থা থাকতে হবে, সেসাথে সবার দৃষ্টি আকর্ষণের জন্য ওয়াশ কর্ণার দেখিয়ে বড় করে ষ্টিকার লাগাতে হবে যেন সবাই স্বাস্থ্যবিধি মেনে চলে। এছাড়াও প্রদর্শনীস্থলে কেন্দ্রীয়ভাবে ভাবে পর্যাপ্ত ফেস মাস্ক ও ষ্টলে হ্যান্ড স্যনিটাইজারের ব্যবস্থা রাখতে হবে।

**ঠ) পুরস্কার প্রদানের জন্য বিচারক কমিটিঃ** "প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২৩" এর উপজেলা কমিটি পুরস্কার প্রদানের জন্য বিজয়ী অংশগ্রহনকারী নির্বাচনের লক্ষ্যে ৩/৫ সদস্য বিশিষ্ট একটি বিচারক কমিটি গঠন করবেন।

**ড) পরামর্শ/অভিযোগ :** "প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২৩" এ পরামর্শ/অভিযোগ গ্রহণের জন্য দৃশ্যমান স্থানে স্বচ্ছ কাঁচের তৈরি বাক্স স্থাপন করতে হবে।

**ঢ) প্রতিবেদন প্রেরণঃ** "প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২৩" এর উপজেলা কমিটি প্রদর্শনী শেষে প্রদর্শনীর কমপক্ষে ০৫টি রঙ্গিন ছবি, জনসাধারনের মাঝে প্রদর্শনীর প্রভাব (Impact Analysis) যাচাইয়ের লক্ষ্যে দর্শনার্থীদের জন্য মেলায় সংরক্ষিত মন্তব্য বইয়ের ফটোকপিসহ একটি প্রতিবেদন প্রকল্প দপ্তরে প্রেরণ করবেন।

----------

09/02/2024

ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

Md. Abdur Rahim
Project Director (Joint Secretary)
Livestock and Dairy Development Project (LDDP)
Department of Livestock Services, DLS